গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
পোস্টমাস্টার জেনারেল এর দপ্তর, পূর্বাঞ্চল, চট্টগ্রাম-৪১০০।

নথি নং ঃ কর্ম-১৩/ছাড়পত্র/সরাসরি কোটা/২০১৯ তারিখ, চট্টগ্রাম ঃ ০১/০৮/২০১৯ খ্রিঃ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-১৪.০০.০০০০.০০৬.১১.০৩০.১৮.১৬৬ তারিখ: ০৯-০৯-২০১৮ খ্রি: মূলে প্রাপ্ত ও ডাক অধিদপ্তর ঢাকা এর নথি নম্বর ই/২২-২৪/২০১৩(অংশ-১)-৬২৬ তারিখ: ১৭-১২-২০১৮ খ্রিঃ ও ১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.১৯.২৬০ তারিখ: ০৫/০৫/২০১৯ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী নিম্নলিখিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নম্বর | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০৬ | (ক)কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং সহ ই- মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | চট্টগ্রাম ও সিলেট সিভিল বিভাগের অন্তর্গত চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, সিলেট, হবিগঞ্জ মৌলভীবাজার ও সুনামগঞ্জ জেলা । |
| ০২. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সাঁটলিপিতে ইংরেজি ও বাংলায় মিনিটে ন্যূনতম গতি যথাক্রমে ৭০ ও ৪৫ এবং ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি/টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে।<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং সহ ই- মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৩. | কম্পাউন্ডার<br>গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন স্বীকৃত হেলথ ইন্সটিটিউট হতে ফার্মাসিস্ট কোর্সে সার্টিফিকেটধারী । | |
| ০৪. | পোস্টাল অপারেটর<br>গ্রেড-১৫ (৯,৭০০-২৩,৪৯০) | ২০৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাশ বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ থাকতে হবে।<br>(খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং সহ ই- মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৫. | ড্রাফটসম্যান<br>গ্রেড-১৫(৯৭০০-২৩৪৯০) | ০১ | কোন স্বীকৃত ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হইতে ড্রাফ্‌টসম্যানশীপ সার্টিফিকেটধারী। | |
| ০৬ | ড্রাইভার (ভারী)<br>গ্রেড-১৫ (৯,৭০০-২৩,৪৯০) | ০৬ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০২(দুই) বৎসরের ভারী গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) হালকা/ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। | |
| ০৭. | ড্রাইভার (হালকা)<br>গ্রেড-১৬ (৯,৩০০- ২২,৪৯০) | ০২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০২(দুই) বৎসরের গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) হালকা/ভারী যানবাহন চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। | |
| ০৮. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ০৫ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে এইচএসসি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি/টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজিতে গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ থাকতে হবে।<br>(গ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং সহ ই- মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৯. | ড্রেসার<br>গ্রেড-১৬ (৯,৩০০- ২২,৪৯০) | ০১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে ড্রেসারশীপে সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। | |
| ১০. | বোটম্যান<br>গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | ০১ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | বান্দরবান জেলা |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ**

১. (ক) ০১-০৮-২০১৯ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) কোনো প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ খ্রি: তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র /তথ্যাদিসহ অনুচ্ছেদ৫এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী দাখিল করতে হবে।

(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং পুত্র/কন্যাদের পুত্র/কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক জারীকৃত প্রার্থীর নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

**২. . সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।**

**৩. প্রার্থীগণকে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http://pmgec.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **০৮-০৮-২০১৯ খ্রি: , সকাল- ১০:০০ টা।**

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: **৩১-০৮-২০১৯ খ্রি: , বিকাল- ০৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ- 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজেই শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভূলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবংUser ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা (সকল পদের জন্য) সহ মোট ১১২/-(একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''।

প্রথম SMS: PMGEC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example:*** PMGEC ***ABCDEF***

*Reply: Applicant's Name, Tk-**112** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type* PMGEC *<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: PMGEC<space>Yes<space>PIN পিন লিখে Send করতে হবে 16222 নম্বনর।

***Example:*** PMGEC ***YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for .................. Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://pmgec.teletalk.com.bd** ওয়েবসাইটে অথবা ডাক অধিদপ্তরের ওয়েব সাইট www.bdpost.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্রযোগ্য প্রার্থীদেরকে ) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।**

ছ. SMS-এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন **Print** করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন ;

জ. শুধুমাত্র টেলিটক প্রি- পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে PMGEC <space>Help<space>User<space>User ID, Send to 16222.

Example: PMGEC Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে: PMGEC <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: PMGEC Help PIN 12345678 & send to 16222.

ঝ.Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd অথবা pmgctg4100@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

**৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং- ১-৭) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।

২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫. ক্রমিক নং-৬ ও ৭ এ বর্ণিত পদের প্রার্থীর ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।
৬. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৭. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

৫. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য **www.bdpost.gov.bd** এ ওয়েবসাইটে পাওয়া যাবে।
৬. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
৭. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৯. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. উপরে উল্লেখ করা হয় নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।
১১. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে স্বহস্তে লিখিত একখানা আবেদনপত্র ও ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি দাখিল করতে হবে।

৩১।০৮।১৯

( মোহাম্মদ তৈয়ব আলী)
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল (তদন্ত)
পূর্বাঞ্চল, চট্টগ্রাম
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি।